অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 'সুপারস্প্রেডার' বিয়ের আয়োজনের পর নর্থ ফর্ক কান্ট্রি ক্লাবের মদের লাইসেন্স জরুরী ভিত্তিতে স্থগিত ঘোষণা করেন

নর্থ ফর্ক কান্ট্রি ক্লাব 17 অক্টোবর তারিখে 113 জন অতিথি নিয়ে একটি বিয়ের আয়োজন করে - যা মহামারীর সময় ইভেন্টের জন্য আইনি সীমার দ্বিগুণ - যার ফলে 30টিরও বেশি COVID-19 সংক্রমণ ঘটে

সাফোক কাউন্টি ডিপার্টমেন্ট অফ হেল্থ দ্বারা করা তদন্তের ফলে স্টেট লিকার অথরিটি কান্ট্রি ক্লাবের মদের লাইসেন্স স্থগিত করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট লং আইল্যান্ডের নর্থ ফর্ক কান্ট্রি ক্লাবের মদের লাইসেন্স প্রথাগত আনুষ্ঠানিকতা ছাড়াই স্থগিত করেছে গত মাসে একটি বিয়ের অনুষ্ঠানের পরে যেখানে মহামারি-সম্পর্কিত সমাবেশের সীমাবদ্ধতার নিয়ম লঙ্ঘন করা হয় এবং সেটি একটি সুপার-স্প্রেডার ইভেন্টে পরিণত হয়। এই বিয়েতে 113 জন অতিথি উপস্থিত ছিলেন - যা গভর্নরের নির্বাহী আদেশের অধীনে অনুমোদিত সংখ্যার দ্বিগুণেরও বেশি - এবং অন্তত 34টি COVID-19 সংক্রমণের সৃষ্টি করে। এর ফলে, 159 জন ব্যক্তিকে কোয়ারান্টিন করা হয় এবং বেশ কয়েকটি বিদ্যালয় সাময়িকভাবে সশরীরে শিক্ষার জন্য বন্ধ করে দেওয়া হয়।

"এই মহামারীর সময় সারা দেশে বিয়ে এবং একই ধরনের ঘটনায় যেমন আমরা দেখেছি, বড় সমাবেশগুলি খুব সহজেই সুপার স্প্রেডার ইভেন্ট হতে পারে, প্রায়ই ভয়াবহ পরিণতি সহ। নিউ ইয়র্ক যার মধ্যে দিয়ে গেছে তারপরেও এই সব অনুষ্ঠানের একটির আয়োজন করা ঘৃণ্য এবং দায়িত্বজ্ঞানহীন - এবং অবৈধ, তা বলার অপেক্ষা রাখে না," **গভর্নর কুওমো বলেন।** "আমরা এই মহামারীর মধ্যে আট মাস আছি এবং নিউ ইয়র্কবাসীদের ঝুঁকির মুখে ফেলে এমন ব্যবসা সহ্য করব না। যারা নিয়মগুলি উপেক্ষা করতে থাকে তারা অ্যালকোহল পরিবেশন করার ক্ষমতা হারাবে, এবং এই অপরাধীদের দায়বদ্ধ করতে তাদের সহযোগিতার জন্য আমি সাফোক কাউন্টির নির্বাহী স্টিভ বেলোন এবং তার দলকে ধন্যবাদ জানাই।"

সাফোক কাউন্টি ডিপার্টমেন্ট অফ হেলথ (Suffolk County Department of Health) অনুযায়ী, লং আইল্যান্ডের কাটচোগে অবস্থিত নর্থ ফর্ক কান্ট্রি ক্লাব (North Fork Country Club) 17 অক্টোবর তারিখে একটি বিয়ের আয়োজন করে, যাতে 113 জন ব্যক্তি উপস্থিত ছিলেন, যা

স্পষ্টভাবে অপরিহার্য নয় এমন সমাবেশের উপর রাজ্যের 50 জন ব্যক্তির সীমা লঙ্ঘন করে এবং নাটকীয়ভাবে COVID-19 সংক্রমণের ঝুঁকি নাটকীয়ভাবে বৃদ্ধি করে।

দুর্ভাগ্যবশত, অনুষ্ঠানটি একটি সুপার স্প্রেডার অনুষ্ঠানে পরিণত হয়, যেখানে অন্তত 34 জন ব্যক্তি অবশেষে COVID-19 এর জন্য ইতিবাচক ফল লাভ করে পরীক্ষায় - যার মধ্যে 30 জন অতিথি, কান্ট্রি ক্লাবের তিনজন সদস্য এবং একজন বিবাহের বিক্রেতা ছিলেন। উপরন্তু, এই ঘটনার ফলাফল পার্শ্ববর্তী সম্প্রদায়ের উপর ব্যাপক প্রভাব সৃষ্টি করে, যেখানে 159 জন ব্যক্তিকে যারা সম্ভবত সংস্পর্শে এসেছিলেন, তাদের কোয়ারান্টিন হতে দেখা গেছে এবং বেশ কয়েকটি স্কুল সাময়িকভাবে সশরীরে শিক্ষা প্রদান স্থগিত করেছে।

একটি তদন্ত পরিচালনার পর, সাফোক কাউন্টি ডিপার্টমেন্ট অফ হেল্থ নিউ ইয়র্ক স্টেট লিকার অথরিটির (New York State Liquor Authority) কাছে একটি রেফারেল করে। নভেম্বরের 6 তারিখে স্টেট লিকার অথোরিটি (State Liquor Authority, SLA) নর্থ ফর্ক কান্ট্রি ক্লাবের বিরুদ্ধে গভর্নর কুওমোর নির্বাহী আদেশের COVID-19 সংক্রান্ত নিষেধাজ্ঞা লঙ্ঘনের জন্য এবং তাদের এলাকার জন্য পর্যাপ্ত তত্ত্বাবধানের ব্যবস্থা না করার জন্য একাধিক অভিযোগ আনে। এছাড়াও SLA অনুষ্ঠানস্থলের মদের লাইসেন্স প্রথাগত আনুষ্ঠানিকতা ছাড়াই স্থগিত করার আদেশ জারি করেছে, যার ফলে তারা মদ পরিবেশন করতে পারবে না, যখন শৃঙ্খলামূলক লঙ্ঘনের মোকাবেলা করা হবে। SLA প্রথাগত আনুষ্ঠানিকতা ছাড়াই স্থগিতাদেশ জারি করেছে কারণ বোর্ড স্থির করে সংকটকালীন পদক্ষেপ প্রয়োজন জনস্বাস্থ্য, নিরাপত্তা বা কল্যাণ রক্ষার জন্য।

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "অন্যদের মঙ্গলের প্রতি এই ধরনের স্পষ্ট অবহেলা শুধু অত্যন্ত হতাশাজনক নয়, এটা বরদাস্ত করা হবে না। সাফোক কাউন্টি এই বিয়ের ফলে যে সাম্প্রদায়িক বিস্তার হতে পারে তা আটকাতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করেছে, এবং যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করছি। আপনি যদি নিয়মগুলি লঙ্ঘন করেন তাহলে আপনাকে দায়বদ্ধ করা হবে।"

SLA এর চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন, "এতক্ষণে, প্রত্যেক লাইসেন্সধারীর উচিত এই বিস্তার বন্ধ করার জন্য স্থাপিত প্রোটোকল সম্পর্কে সচেতন থাকা উচিৎ এবং জানা উচিত যে এই ধরনের ঘটনা গ্রহণযোগ্য নয়। আমরা এখনো একটি জনস্বাস্থ্য সংকটের মধ্যে আছি, এবং যারা এই জীবনরক্ষাকারী নিয়মগুলিকে উপেক্ষা করে তাদের দায়বদ্ধ করা অব্যাহত রাখবে।"

6 নভেম্বর তারিখে সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে ডিজিটালভাবে রেকর্ড করা ভিডিও কনফারেন্স কলের মাধ্যমে পরিচালিত সম্পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় SLA এর চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রেলি ফোর্ড এই প্রতিষ্ঠানের প্রথাগত আনুষ্ঠানিকতা ছাড়াই স্থগিত করার আদেশ দেন। যখন SLA প্রথাগত আনুষ্ঠানিকতা ছাড়াই একটি লাইসেন্স স্থগিত করে, তখন এই পদক্ষেপটি একটি "আবেদনের নোটিশ" প্রদান করে, এক বা একাধিক শৃঙ্খলাভঙ্গের অভিযোগ সহ। SLA এর প্রথাগত আনুষ্ঠানিকতা ছাড়াই লাইসেন্স স্থগিত করার সিদ্ধান্ত কেসের যোগ্যতার উপর চূড়ান্ত সিদ্ধান্ত নয় এবং লাইসেন্সধারীর একটি স্বাধীন

প্রশাসনিক আইন বিচারকের সামনে দ্রুত প্রশাসনিক আইনের শুনানির অধিকার আছে। SLA বা পুনর্বিবেচনার আদালত কর্তৃক সংশোধিত না হওয়া পর্যন্ত প্রথাগত আনুষ্ঠানিকতা ছাড়াই স্থগিতাদেশ কার্যকর থাকবে।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন